শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০০.১৯-৫১৪ তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৬ / ১৪ অক্টোবর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১৯২৬/২০১৯ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্র: মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৯২৬/২০১৯।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্টস | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১৯২৬/২০১৯ | মো: মহিউদ্দিন ফারুক, গ্রাম-পারফরিদপুর, ডাক-বানওয়ারীনগর, থানা-ফরিদপুর, জেলা-পাবনা সহ অপর ৩৪ জন। | ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ৩। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ৪। চেয়ারম্যান, এনটিআরসিএ এবং আরো অন্যান্যসহ মোট ৩৪ (চৌত্রিশ) জন। | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ এর পরিশিষ্ট "ঘ" (খ) (৭) এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর অনুচ্ছেদ ১৪ পরিশিষ্ট "ঘ" (১)(৩) তে কাম্য যোগ্যতা পরিবর্তন করা হয়।<br><br>বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সুপারিশকৃত প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) ও প্রভাষক (কম্পিউটার অপারেটর) পদে পিটিশনারগণের যোগদানপত্র গ্রহণ করে চাকুরির সকল সুবিধা প্রদানের দাবী করে পিটিশনারগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৯২৬/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য, উক্ত রিট মামলাটি গত ২৫.০২.২০১৯ খ্রি. তারিখে মহমান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ এর পরিশিষ্ট "ঘ" (খ) (৭) এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর অনুচ্ছেদ ১৪ পরিশিষ্ট "ঘ" (১)(৩) তে কাম্য যোগ্যতা পরিবর্তন করা কেন বেআইনী মর্মে ঘোষণা করা হবে না এবং বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সুপারিশকৃত প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) ও প্রভাষক (কম্পিউটার অপারেটর) পদে পিটিশনারগণের যোগদানপত্র গ্রহণ করে চাকুরির সকল সুবিধা কেন প্রদান করা হবে না সেমর্মে গত ২৫.০৩.১৯ তারিখের মধ্যে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে।

০৩। উল্লেখ্য, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ কে চ্যালেঞ্জ করে পিটিশনারগণ কর্তৃক মামলা দায়ের করা হয়েছে। উক্ত মামলাটির গুরুত্ব বিবেচনায় সরকার পক্ষে পরিচালনার জন্য মহোদয়কে দায়িত্ব দেয়া আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৯২৬/২০১৯ মামলায় সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ২০.১০.২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিতির (প্রমাণকসহ) জন্য মহোদয়কে নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো। সে সাথে Affidavit in opposition দাখিল করতে কি কি তথ্য প্রমাণক তা লিখিত আকারে জানানোর জন্যও অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা) ১৪.১০.১৯
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

এস. কে সফিক মাহমুদ পুষ্প
বিজ্ঞ কৌসুলি, চেম্বার নং-এ-৪ (৬ষ্ঠ তলা) আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স,
২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ৮৯ (পুরাতন), বিজয়নগর, ঢাকা-১০০০।

অনুলিপিঃ

১। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেবেল-৪ ও ০৫, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অফিস কপি/মাস্টার কপি।